বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়: বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া

সূত্র নং- ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১১.১০৩.২৫ তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪৩২ / ২৭ নভেম্বর ২০২৫

২৭ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৩তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল |
| সভার তারিখ | : | ২৭ নভেম্বর ২০২৫ |
| সভার সময় | : | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | : | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | তালিকা সংযুক্ত |

সভাপতি নভেম্বর'২৫ মাসের/১০৩তম সমন্বয় সভায় বোর্ড রুম ও অনলাইনে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে যথারীতি কোম্পানি সচিব-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। সভাপতিকে ধন্যবাদ জানিয়ে কোম্পানি সচিব সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

২। সভায় সর্বসম্মতিক্রমে গত ২৯-১০-২০২৫ তারিখে অনুষ্ঠিত ১০২তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

৩। বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **৩.০।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, তিতাস-ই এবং জি লোকেশনে স্থাপিত ৬টি কম্প্রেসরের কমিশনিং ও পারফর্মেন্স টেস্ট শেষে গ্যাস সরবরাহ শুরু হয়েছে। এর মাধ্যমে বিদ্যমান উৎপাদন হার বজায় রাখা ছাড়াও অতিরিক্ত দৈনিক প্রায় ২২ (১০+১২) মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে যোগ করা সম্ভব হয়েছে। তিনি জানান, কোম্পানির উৎপাদিত গ্যাসের কম্পোজিশন টেস্ট-এর জন্য বুয়েট কর্তৃক সংগৃহীত স্যাম্পল-এর পরীক্ষা করা হয়েছে। সভাকে আরও অবহিত করা হয় যে, কোম্পানির সকল ফিল্ড/লোকেশনের কাস্টডি ট্রান্সফার মিটারে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশনের জন্য নিয়োজিত ঠিকাদার কর্তৃক | পেট্রোবাংলার চাহিদা অনুযায়ী দৈনিক সর্বোচ্চ পরিমাণ গ্যাস উৎপাদন স্থিতিশীল রাখতে সচেষ্ট থাকতে হবে।<br><br>ডিসেম্বর, ২০২৫ মাসের মধ্যে তিতাস ফিল্ডের ৫টি লোকেশনে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশন করে কাস্টডি ট্রান্সফার চালু করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তিতাস ফিল্ডের ৫টি লোকেশনে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশনের কার্যক্রম চলমান আছে। | | |
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:** হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক ব্যয়ের প্রাক্কলন করে সংশ্লিষ্ট প্রতিবেদন নিলাম কমিটি-তে প্রেরণ করা হয়েছে। | হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ত্বরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ) |
| | | **গ) নরসিংদী ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণের ফলে কর্মকর্তা আবাসন ভেঙ্গে ফেলতে হচ্ছে বিধায় কর্মকর্তা আবাসন পুনর্নির্মাণের বিষয়ে ডিজাইন-ড্রয়িং ও ব্যয়ের প্রাক্কলন করা হয়েছে। অচিরেই দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। | সড়ক বিভাগ কর্তৃক নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের ফলে কর্মকর্তাদের আবাসন ভবন পুনর্নির্মাণের লক্ষ্যে দ্রুত দরপত্র আহ্বান করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| ৩.২। | | **কামতা ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি সংস্কারের নিমিত্ত ভবনটির ব্যবহারযোগ্য করে দেয়ার জন্য টিজিটিডিএসএল কর্তৃক শ্রমিক পাঠানো হবে মর্মে জানানো হয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কার করার বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| **৪.০।** | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | (ক) তিতাস-ই এবং জি লোকেশনে ৩টি করে মোট ৬টি কম্প্রেসর স্থাপন, কমিশনিং ও পারফরমেন্স টেস্ট সম্পন্ন শেষে উৎপাদিত গ্যাস কম্প্রেসরের মাধ্যমে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। এতে বিদ্যমান উৎপাদন হার বজায় রাখা | প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য পরামর্শ প্রদান করেন। | |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ছাড়াও অতিরিক্ত দৈনিক প্রায় ২২ (১০+১২) মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে যোগ করা সম্ভব হয়েছে। | | |
| | | (খ) ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের আওতায় হবিগঞ্জ-৫নং কূপের ওয়ার্কওভার শেষ পর্যায়ে রয়েছে। পরবর্তীতে বাখরাবাদ ফিল্ডে কূপের ওয়ার্কওভার করা হবে। এছাড়া, মেঘনা ফিল্ডের রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ শুরু করা প্রয়োজন। কিন্তু ফিল্ডের উৎপাদিত গ্যাসের সাথে আসা অতিরিক্ত পানি ড্রেইনেজ করা যাচ্ছে না। প্রকল্পের আরডিপিপি অনুমোদন হয়েছে। | মেঘনা-১নং কূপের ওয়ার্কওভারের জন্য রিগ ফাউন্ডেশনের কাজ শুরুর লক্ষ্যে ফিল্ডের পানি নিষ্কাসণের বিষয়টি মহাব্যবস্থাপক (অপারেশন), মহাব্যবস্থাপক (টিএস) ও উপমহাব্যবস্থাপক (সিভিল) কর্তৃক যৌথভাবে সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন সংশ্লিষ্ট এবং বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ বিষয়ে ২টি বৈদেশিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের ভূমি অধিযাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। তবে, তিতাস-৩১ এর উন্মুক্ত ভূমিতে কার্যক্রম শুরুর জন্য মালামাল পাহারা, গাছের ডালপালা কর্তন, বিদ্যুৎ লাইন উঁচু করা, মালামাল স্টোরিং ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের সহযোগিতা প্রয়োজন মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | গ) গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের কাজে সকলকে সহযোগিতা করতে হবে। নিরাপত্তা বিভাগ-কে পিডি-এর সাথে আলোচনা করে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োজিত করতে হবে। | |
| | | (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাস্তব কাজ শুরুর লক্ষ্যে বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্সের স্টোরে পৌঁছেছে। Data Acquisition System with Hardware and Software ও সংশ্লিষ্ট মালামাল, অস্থায়ী জনবল, বৈদেশিক পরামর্শক সংগ্রহ করা হচ্ছে। পরিবেশগত ছাড়পত্র গ্রহণসহ কতিপয় কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। হবিগঞ্জ ফিল্ড ও তদ্সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ দ্রুত শুরু করা যাবে। | ঘ) ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ দ্রুত শুরু করতে হবে। | |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি (তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০) ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য ঠিকাদার CCDC, China কর্তৃক রিগ স্থাপন করা হচ্ছে। ১ম কূপ (তিতাস-২৮) এর খনন স্পাড-ইন তারিখ ১৫-১২-২০২৫ নির্ধারিত আছে। সভাকে আরও অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের জন্য কোম্পানির বিদ্যমান প্রসেস প্লান্ট হতে বা বাপেক্স হতে বা অন্য কোনও কোম্পানি থেকে দৈনিক ২০-৩০ এমএমসিএফ গ্যাস প্রসেস ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ করা যায়নি। প্রকল্প পরিচালক প্রকল্পের জন্য সংগৃহীত এক্সপ্লোসিভসমূহ কোথায় স্টোরিং করা যায়, এ বিষয়ে সভার দিক-নির্দেশনা প্রত্যাশা করেন। | তিতাস-২৮ নং কূপের খনন কাজ ১৪-১২-২০২৫ তারিখে শুরু করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য প্রসেস প্লান্ট ক্রয়ের কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>প্রকল্পের জন্য সংগৃহীত এক্সপ্লোসিভসমূহ কোম্পানির এক্সপ্লোসিভ স্টোর-এ সংরক্ষণ করতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | (ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, উক্ত কূপ এলাকায় বিদ্যমান আনসার ক্যাম্প অন্যত্র স্থানান্তরের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রতিষ্ঠান নিয়োজিত করা হচ্ছে। আগামী ২ সপ্তাহের মধ্যে কার্যক্রম শুরু করা যাবে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে ইএমআরডি-র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এলাকার অন্যান্য আনুষঙ্গিক কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | (খ) তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে জিডিএফ অর্থায়নে প্রকল্প বাছাই কমিটির সভায় প্রাক্কলনের ৮০% অর্থ জিডিএফ হতে প্রদানের সম্মতি হয়, এবং বৈদেশিক পরামর্শকের পরিবর্তে স্থানীয় পরামর্শক নিয়োগের সিদ্ধান্ত | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে ইএমআরডি-র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | গৃহীত হয়। তদনুযায়ী প্রণীত ডিপিপি ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। | | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি.মি. এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি.মি এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের চূড়ান্ত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক দাখিল করা হয়েছে। অপরদিকে, ২ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্স-এর গঠিত কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের প্রতিবেদন দাখিল করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি’র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করা হবে। | (গ) ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি’র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে। | |
| | | (ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য জিডিএফ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত বিবেচনা করে একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের খসড়া সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) সরকারি প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (IIFC)-এর মাধ্যমে সম্পাদন করা হয়েছে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রণীত খসড়া সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের কর্মপরিকল্পনা সভাকে | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | চাহিদানুযায়ী ম্যাটেরিয়েলস্ তালিকা তৈরি, কর্মপরিকল্পনা এবং কস্টিং করে টেন্ডার সিডিউল প্রণয়ন করা হচ্ছে।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নিয়োজিত করা হয়েছে। শীঘ্রই Fire Plan পাওয়া যাবে।<br><br>কোম্পানির অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় বিদ্যমান ফায়ার এক্সটিংগুইশার, হাইড্রেন্ট, হোসপাইপ, ফায়ার টেন্ডার প্রভৃতির কার্যকারিতা যাচাই করা হচ্ছে। সকল ফিল্ড/স্থাপনা সংলগ্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের যোগাযোগ নম্বর ও হটলাইন সংশ্লিষ্ট সকলের নিকট সংগ্রহ রাখা হয়েছে। | অবহিত করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভাকে অবহিত করতে হবে।<br><br>বর্তমানে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় সকল ফিল্ড/স্থাপনায় অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণে বিশেষ তৎপরতা অব্যাহত রাখতে হবে। | (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর ২টি প্রস্তাবিত প্রকল্পের (তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার) জন্য ECC সংগ্রহের আবেদন করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের জন্য ECC দ্রুত সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) |
| ৪.৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন ক্ষেত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানি সচেষ্ট থাকবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সভায় অবহিত করা হয় যে, GPMS টি ২০২৬-২৭ অর্থবছর থেকে কার্যকর হতে পারে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত | সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আন্তরিক ও তৎপর হতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | | |
| **৫.০।** | **কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন:** | | | |
| ৫.১। | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম | মহাব্যবস্থাপক (সিজি) সভাকে অবহিত করেন যে, কম্প্রেসর মেইনটেন্যান্স বিষয়ে INNIO Waukesha Gas Engines Inc., United States of America এর মাধ্যমে জনপ্রতি $৩০০ (ইউএস ডলার তিনশত) প্রশিক্ষণ ফি প্রদান করে ৩জন কর্মকর্তা ১ বছর মেয়াদী অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করছেন। | কম্প্রেসর মেইনটেন্যান্স বিষয়ে মনোনীত ৩জন কর্মকর্তাকে INNIO Waukesha Gas Engines Inc., United States of America-এর প্রশিক্ষণ যথাযথভাবে গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(অপারেশন)/(সিজি) এবং উপমহাব্যবস্থাপক (এইচআর) |
| **৬.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৬.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণকারী স্থানীয় ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। লক্ষ্যে উকিল নোটিশ প্রদান করা হয়েছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে। অবৈধ দখলদারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৬.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/(এস্টেট) |
| **৭.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৭.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪২টি মামলা রয়েছে। যার মধ্যে উচ্চ আদালতে ২৫টি (প্রশাসনিক-১৭টি ও অর্থ মামলা-৮টি) এবং নিম্ন আদালতে ১৭টি (ভূমি সংক্রান্ত-১১টি, প্রশাসনিক-৪টি ও অর্থ মামলা-২টি) মামলা রয়েছে।<br><br>সংশ্লিষ্ট কমিটি প্যানেল আইনজীবী নিয়োগের প্রতিবেদন দাখিল করেছে। এ সংক্রান্ত বোর্ড পেপার শীঘ্রই বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে।<br><br>২। প্যানেল আইনজীবী নিয়োগের বোর্ড পেপার আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। প্যানেল আইনজীবী নিয়োগ ও মামলা পরিচালনা সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলার দিকনির্দেশনা অনুসরণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **৮.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৮.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কমিটির প্রণীত মালামালের পুনঃনিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন। সভায় গোকর্ণ ঘাটে অবস্থিত কোম্পানির অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংকটি অকেজো বিধায় অবলোপন করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | কোম্পানির তালিকুভূক্ত অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল নিলামের পুনঃদরপত্র বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করতে হবে।<br><br>গোকর্ণ ঘাটে অবস্থিত কোম্পানির অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংকটি অবলোপন কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন করে প্রাইস এস্টিমেটসহ প্রতিবেদন ১০-১২-২০২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৮.২। | কোম্পানির ওয়েবসাইট | সভায় কোম্পানির ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। ওয়েবসাইটে কর্মকর্তাদের পদবী, বিভাগ, মোবাইল নম্বর (হোয়াট্স অ্যাপ নম্বর), নিজস্ব ডোমেইনের ই-মেইল নম্বর প্রভৃতির আপডেট তথ্য থাকা অত্যাবশ্যক মর্মে অভিমত ব্যক্ত করা হয়। এছাড়া, কোম্পানির বিভিন্ন তথ্য এবং বার্ষিক প্রতিবেদনের হালনাগাদ কপি ওয়েবসাইটে সংযোজন করা প্রয়োজন। | কোম্পানির ওয়েবসাইটের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। ওয়েবসাইটে কর্মকর্তাদের পদবী, বিভাগ, মোবাইল নম্বর (হোয়াট্স অ্যাপ নম্বর), নিজস্ব ডোমেইনের ই-মেইল নম্বর প্রভৃতির আপডেট, কোম্পানির বিভিন্ন তথ্য এবং বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| **৯.০।** | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৯.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। নিরাপত্তা বিষয়ে একজন ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়েছে। নরসিংদী ফিল্ডে কেপিআই ইন্সপেকশন সম্পন্ন হয়েছে। তাদের মতামত/নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে হবে। ভিজিলেন্স টিমের টহল/ তদারকি অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৯.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যয় পরিচালিত হচ্ছে। কোম্পানির অ্যাম্বুলেন্সসমূহ সচল রয়েছে। অক্সিজেন সিলিন্ডার রিফিল করা হয়েছে। | | |
| ৯.৩। | নিয়োগ ও পদোন্নতি | সভাকে অবহিত করা হয় যে, পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানিতে ৭৯জন কর্মকর্তা চাকরিতে যোগদান করেছেন। | নতুন কর্মকর্তাদের ওরিয়েন্টেশন এবং কোম্পানির চলমান প্রকল্পসমূহ সম্পর্কে অবহিত-করণের ব্যবস্থা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| **১০.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ১০.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, এ অর্থবছরের সংশোধিত এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রস্তাব চূড়ান্তকরণের জন্য আগামী সপ্তাহে বাজেট মিটিং হবে। মন্ত্রণালয় এবং পেট্রোবাংলা কর্তৃক কোম্পানির বাজেট অনুমোদনের ক্ষেত্রে যৌক্তিক এবং বাস্তবসম্মত বাজেট প্রস্তাব উপস্থাপন গুরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। এছাড়া, সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রস্তাব যৌক্তিক ও বাস্তবসম্মতভাবে উপস্থাপন করতে হবে।<br><br>বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভা সমাপ্তির প্রাক্কালে সভাপতি মহোদয় নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

(ক) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় নির্দেশনা/গাইডলাইন প্রাপ্তির নিমিত্ত বোর্ডের আর্থিক কমিটির সভায় উপস্থাপন করতে হবে; এবং

(খ) কোম্পানির ও সকল প্রকল্পের দরপত্র মূল্যায়ন বিধি-বিধান অনুসারে দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে এবং স্বচ্ছতা বজায় রাখতে হবে।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৬ ভাদ্র ১৪৩২
২৯ আগস্ট ২০২৫

বিতরণ :
সকল ডিভিশনাল/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক/ফিল্ড/স্থাপনা-ইনচার্জ
ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর